

বাংলাদেশী কমিউনিটি এ্যাসোসিয়েশন অব সাসকাচুয়ানের উদ্যোগে সাসকাটুনে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত

বাংলাদেশী কমিউনিটি এ্যাসোসিয়েশন অব সাসকাচুয়ান আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্যাপন উপলক্ষ্যে ২১ শে ফেব্রুয়ারি সাসকাটুন সেন্টেনিয়াল কলেজিয়েটে এক অনুষ্ঠানের আয়োজন করে। মহান ভাষা আন্দোলনের শহীদদের পূণ্য স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে সন্ধ্যা সাতটায় অনুষ্ঠান শুরু হয়। অনুষ্ঠানে সাসকাচুয়ানের প্রিমিয়ার ব্রাদ ওয়ালের পক্ষ থেকে শুভেচ্ছাবাণী নিয়ে আসেন এম.এল.এ. ফ্রেড ব্রাদ ‘শ। সাসকাচুয়ান অর্গানাইজেশন ফর হেরিটেজ ল্যান্ডস্যুয়েজের পক্ষ থেকে শুভেচ্ছাবাণী নিয়ে আসেন প্রতিষ্ঠানটির সভাপতি ডঃ শাকীল আখতার। অনুষ্ঠানে স্থানীয় মেয়র ডন এ্যাচিসন সাসকাটুন শহরবাসীর পক্ষ থেকে শুভেচ্ছাবাণী নিয়ে আসেন। অনুষ্ঠানে মাতৃভাষার গুরুত্ব তুলে ধরে বিশ্বের সব মানুষের মাতৃভাষার অধিকারকে সমুন্নত রাখার জন্য সকল বাংলাদেশীর সংকল্প পূনর্ব্যক্ত করে ভূমিকা বক্তব্য রাখেন বাংলাদেশী কমিউনিটি এ্যাসোসিয়েশন অব সাসকাচুয়ানের প্রেসিডেন্ট ডঃ নূরুল আমিন চৌধুরী।



অনুষ্ঠানে আগত অতিথিবৃন্দ



এম.এল.এ. ফ্রেড ব্রাদ ‘শ



মেয়র ডন এ্যাচিসন



ডঃ নূরুল আমিন চৌধুরী

নেয় পুষ্পিতা, দীপিতা, মিশকাত, কাব্য, সৌভিক, ওয়াসি, অণ্বেষা, স্বচ্ছ, দীয়া, মুত্তাকি, রাজ, রিফাহ, কৌশিক, আফরা, সহস্র ও স্বপ্নীল। অনুষ্ঠানের প্রথম ভাগটি উপস্থাপনা করে বাংলা হেরিটেজ ল্যান্ডস্যুয়েজ স্কুলের ছাত্র মিশকাত ও স্বচ্ছ। বাংলা হেরিটেজ ল্যান্ডস্যুয়েজ স্কুলের ছাত্রছাত্রীদের পরিবেশনার সার্বিক দায়িত্বে ছিলেন স্কুলের শিক্ষক ও শিক্ষিকা ডঃ পংকজ ভৌমিক, গুলশান বেগম, শিল্পী ভদ্রা,

ডঃ দিলরুবা দেওয়ান ও বিজয়া রাণী নাগ এবং সমন্বয়ে ছিলেন বাংলা হেরিটেজ ল্যান্ডস্যুয়েজ স্কুলের কোর্ডিনেটর ডঃ আবদুল্লাহ মামুন।

অনুষ্ঠানে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে আয়োজিত ‘২১ শে ফেব্রুয়ারি’ শীর্ষক রচনা প্রতিযোগিতায় শীর্ষ স্থান অধিকার করা তার রচনাটি পড়ে শোনায় পুষ্পিতা ভৌমিক। বাংলাদেশী কমিউনিটি এ্যাসোসিয়েশন অব সাসকাচুয়ানের পক্ষে রচনা প্রতিযোগিতার সমন্বয় করেছেন কাওছার আহমেদ। অনুষ্ঠানের সাংস্কৃতিক পর্ব ছিল দুই ভাগে বিভক্ত। অনুষ্ঠানের প্রথম ভাগে স্থানীয় বাংলা হেরিটেজ ল্যান্ডস্যুয়েজ স্কুলের ছাত্রছাত্রীরা ছড়া, কবিতা, গান ও নৃত্য পরিবেশন করে। এই ভাগে অংশ



রচনায় শীর্ষ স্থান অধিকার করার প্রশংসাপত্র
নিচ্ছে পুষ্পিতা ভৌমিক



বাংলা হেরিটেজ ল্যাঙ্গুয়েজ স্কুলের ছাত্রছাত্রীদের গান



বাংলা হেরিটেজ ল্যাঙ্গুয়েজ স্কুলের ছাত্রছাত্রীদের নাচ

অনুষ্ঠানের দ্বিতীয় ভাগে মাহবুবুল আলম চৌধুরী রচিত একুশের প্রথম কবিতা আবৃত্তি করে শোনান অরুণিমা গোস্বামি এবং ভাষা আন্দোলন ভিত্তিক এবং দেশাত্মবোধক গান ও নৃত্য পরিবেশন করেন স্থানীয় এবং অতিথি শিল্পীবৃন্দ। শিল্পীরা হলেন ইকবাল হোসেন ইভু, নাফিসা হক, তানজিনা হক, প্রিয়াংকা কর, তাহমিনা হক, ফাহিমদা হোসেন, ফেরদৌস আলম, প্রভা সরকার, অনির্বাণ ব্যাণার্জি। শিল্পীদের সমন্বয়কারী ছিলেন এ্যাসোসিয়েশনের সহসভাপতি (সাংস্কৃতিক) নজরুল হক। তবলায় ছিলেন মোশাররফ হোসেন, হারমোনিয়ামে রাজেশ শাহ, তাম্বুলিতে ছিলেন চঞ্চল সরকার, শব্দ নিয়ন্ত্রণে কাওসার আহমেদ ও পার্থ পোদ্দার, মঞ্চ সজ্জায় সজীব, খিজির মাহমুদ, জুবায়ের খিজির, নাজমুল হক এবং সার্বিক নিয়ন্ত্রণে ছিলেন এ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক জুবায়ের খিজির।



সাংস্কৃতিক অনুষ্ঠানে স্থানীয় শিল্পীদের গান



সাংস্কৃতিক অনুষ্ঠানে স্থানীয় শিল্পীদের গান



সাংস্কৃতিক অনুষ্ঠানে অতিথি শিল্পীর গান



সাংস্কৃতিক অনুষ্ঠানে স্থানীয় শিল্পীদের নাচ

আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের সামগ্রিক অনুষ্ঠানটি উপস্থাপনা করেন তানজিনা হক ও খিজির মাহমুদ। সামগ্রিক অনুষ্ঠানটির পরিকল্পনা ও ব্যবস্থাপনার দায়িত্বে ছিলেন বাংলাদেশী কমিউনিটি এ্যাসোসিয়েশন অব সাসকাচুয়ানের কার্যকরি কমিটির সদস্যবৃন্দ - ডঃ নূরুল আমিন চৌধুরী, মোঃ আলমগীর হোসেন, রেজাউল হক, নজরুল হক, জুবায়ের খিজির, গৌরাঙ্গ কর, মোহাম্মদ হক, মাহমুদ হাসান সরকার, কাওছার আহমেদ ও জাকির হোসেন।